# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৯৬৮

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৯. নামাযের ওয়াক্তসমূহ এবং এ সম্পর্কিত হাদীস বর্ণনায় মতভেদ।

بَابُ ذِكْرِ بَيَانِ الْمَوَاقِيتِ وَاخْتِلَافِ الرِّوَايَاتِ فِي ذَلِكَ

আরবী

وَكَذَلِكَ رُوِيَ عَنْ أَبِي مَسْعُودٍ الْأَنْصَارِيِّ ، مِنْ حَدِيثِ اللَّيْثِ بْنِ سَعْدٍ ، عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيبٍ ، عَنْ أُسَامَةَ بْنِ زَيْدٍ ، عَنِ ابْنِ شِهَابٍ ، عَنْ عُرْوَةَ قَالَ : سَمِعْتُ بَشِيرَ بْنَ أَبِي مَسْعُودٍ يُحَدِّثُ عَنْ أَبِي مَسْعُودٍ ، عَنِ النَّبِيِّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ : " أَنَّهُ كَانَ يُصَلِّي الْعَصْرَ وَالشَّمْسُ بَيْضَاءُ مُرْتَفِعَةٌ ، يَسِيرُ الرَّجُلُ حِينَ يَنْصَرِفُ مِنْهَا إِلَى ذِي الْحُلَيْفَةِ سِتَّةَ أَمْيَالٍ قَبْلَ غُرُوبِ الشَّمْسِ " . حَدَّثَنَا بِذَلِكَ أَبُو سَهْلِ بْنُ زِيَادٍ ، ثنا مُحَمَّدُ بْنُ إِسْمَاعِيلَ السُّلَمِيُّ ، ثنا عَبْدُ اللَّهِ بْنُ صَالِحٍ ، حَدَّثَنَا اللَّيْثُ . ح : وَحَدَّثَنِي أَبِي ، أنا مُحَمَّدُ بْنُ أَبِي بَكْرٍ ، ثنا عَبْدُ السَّلَامِ بْنُ عَبْدِ الْحَمِيدِ ، ثنا مُوسَى بْنُ أَعْيَنَ ، عَنِ الْأَوْزَاعِيِّ ، عَنْ أَبِي النَّجَاشِيِّ ، قَالَ : سَمِعْتُ رَافِعَ بْنَ خَدِيجٍ يَقُولُ : قَالَ رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ : " أَلَا أُخْبِرُكُمْ بِصَلَاةِ الْمُنَافِقِ ؟! أَنْ يُؤَخِّرَ الْعَصْرَ حَتَّى إِذَا كَانَتْ كَثَرْبِ الْبَقَرَةِ ، صَلَّاهَا

বাংলা

৯৬৮(৭). আবু মাসউদ আল-আনসারী (রাঃ) থেকে নিম্নোক্ত হাদীস লাইস ইবনে সা'দ (রহঃ) ... আবু মাসউদ (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আসরের নামায পড়তেন সূর্য উর্ধ্বাকাশে আলোকোজ্জল থাকতেই। কোন ব্যক্তি (ইচ্ছা করলে) তথা (মদীনা) থেকে সূর্যাস্তের পূর্বে ছয় মাইল দূরত্বে যুল-হুলায়ফায় পৌঁছতে পারতো।

এই হাদীস আমাদের নিকট বর্ণনা করেছেন আবু সাহল ইবনে যিয়াদ-মুহাম্মাদ ইবনে ইসমাঈল আস-সুলামী-আবদুল্লাহ ইবনে সালেহ-আল-লাইস, পুনরায় আমার নিকট বর্ণনা করেছেন আমার পিতা মুহাম্মাদ ইবনে আবী বাকর-আবদুস সালাম ইবনে আবদুল হামীদ-মূসা ইবনে আ'য়ান-আল-আওযাঈ-আবুন নাজাশী (রহঃ) বলেন, আমি রাফে ইবনে খাদীজা (রাঃ)-কে বলতে শুনেছি, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আমি কি

তোমাদেরকে মুনাফিকের নামায সম্পর্কে অবহিত করবো না? তারা আসরের নামাযে বিলম্ব করতে থাকে, এমনকি যখন গরুর পাতলা চর্বির আবরণের মত হয়ে যায় (ডুবে যাওয়ার কাছাকাছি হয়) তখন আসরের নামায পড়ে।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ মাসউদ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80757

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন